গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ২৭ এপ্রিল ২০১৫, ১৪ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। তরুণদের সৃজনশীল জ্ঞানে সমৃদ্ধ হতে রাষ্ট্রপতির আহ্বান
২। বিবেকমান মানুষ বিএনপিকে ভোট দিতে পারে না : সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী
৩। কোনো শিশুই স্কুলের বাইরে থাকবে না : প্রধানমন্ত্রী
৪। আগামীকাল তিন সিটি কর্পোরেশন নির্বাচন : তিন স্তরের নিরাপত্তা
-ঝুঁকিপূর্ণ কেন্দ্রের দায়িত্বে র‌্যাব
৫। পাইরেসি রোধে দেশব্যাপী অভিযান : বিশ্ব মেধাসম্পদ দিবসে শিল্পমন্ত্রী
৬। সেবা পরিদফতর অধিদফতরে রূপান্তর করা হবে : স্বাস্থ্যমন্ত্রী
৭। সিটি নির্বাচন উপলক্ষে সাধারণ ছুটি, যান চলাচলে নিষেধাজ্ঞা
৮। সারাদেশে আবারও ভূমিকম্প অনুভূত : দুইজনের মৃত্যু
৯। নেপালে ত্রাণসামগ্রী ও মেডিকেল টিম প্রেরণ
১০। নির্বাচন শান্তিপূর্ণ করতে জাতিসংঘের আহ্বান
১১। বিআইডব্লিউটিসি'র স্টিমারের টিকেট ১ মে থেকে পাওয়া যাবে অনলাইনে
১২। পোশাক শ্রমিকদের উন্নয়নে তিন বছর মেয়াদী কর্মসূচি যুক্তরাষ্ট্রের

চলমান পাতা/২

১। তরুণদের সৃজনশীল জ্ঞানে সমৃদ্ধ হতে রাষ্ট্রপতির আহ্বান

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, তরুণ প্রজন্ম যাতে একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলা করে দেশকে এগিয়ে নিতে পারে, এজন্য তাদের সময়োপযোগী ও সৃজনশীল জ্ঞানে সমৃদ্ধ করে গড়ে তুলতে হবে। গতকাল ২৬ এপ্রিল রোববার রাজধানীতে নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানের ভাষণে রাষ্ট্রপতি এ কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৬), নিউজ টুডে (পৃ.৩,ক.৪), ডেইলি সান (পৃ.৩,ক.২)।

২। বিবেকমান মানুষ বিএনপিকে ভোট দিতে পারে না : সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি নেত্রী খালেদা জিয়া হরতাল-অবরোধের নামে দেশের মানুষের সর্বনাশ করেছেন, নির্বিচারে মানুষকে পুড়িয়ে হত্যা করলেন, উনি আবার মানুষের কাছে কোন মুখে ভোট চান? তাঁর মতো জালেম-খুনীর ডাকে জনগণ সাড়া দিবে না। বিবেকমান মানুষ বিএনপিকে ভোট দিতে পারে না। বরং হত্যার শিকার ক্ষতিগ্রস্ত মানুষ প্রতিশোধ নিলে কার বিরুদ্ধে নেবে, সেটিও বিএনপি নেত্রীর ভেবে দেখা উচিত। গতকাল ২৬ এপ্রিল রোববার গণভবনে সাংবাদিক সম্মেলনে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দিতে গিয়ে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সাম্প্রতিক ইন্দোনেশিয়ার সফর নিয়ে এই সাংবাদিক সম্মেলন আহ্বান করা হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), প্রথম আলো (পৃ.১,ক.৪), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.১)। জনকণ্ঠ, সমকাল, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি অবজারভার, নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। কোনো শিশুই স্কুলের বাইরে থাকবে না : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিটি শিশুর স্কুলে ভর্তি নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। একই সঙ্গে শিক্ষার উন্নয়নের পথে কোনো বাধা সৃষ্টি না করতে রাজনীতিকদের প্রতি আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, ছেলে এবং মেয়ে কেউই স্কুলের বাইরে থাকবে না। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলের মূলধন বাড়াতে আগামী বাজেটে আরও অর্থ বরাদ্দ দেওয়া হবে। তিনি গতকাল ২৬ এপ্রিল রোববার কার্যালয়ে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর শিক্ষা ট্রাস্ট থেকে স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক প্রদানকালে এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৬), সংবাদ (শেষ পৃ.,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (পৃ.৩,ক.২)।

৪। আগামীকাল তিন সিটি কর্পোরেশন নির্বাচন : তিন স্তরের নিরাপত্তা

-ঝুঁকিপূর্ণ কেন্দ্রের দায়িত্বে র‌্যাব

আজ ২৭ এপ্রিল সোমবার রাত পোহালেই ঢাকা উত্তর, দক্ষিণ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনের ভোট অনুষ্ঠিত হবে। গতকাল ২৬ এপ্রিল রোববার রাত ১২টায় শেষ হয়েছে ঘটনাবহুল ১৯ দিনের প্রচারযুদ্ধ। তিন সিটিতে মেয়র পদে ৪৮ জন প্রার্থী নির্বাচনে অংশ নিলেও ধারণা করা হচ্ছে, মূল প্রতিদ্বন্দ্বিতা হবে আওয়ামী লীগ-বিএনপি সমর্থিত প্রার্থীদের মধ্যে। সুষ্ঠু ভোট গ্রহণের জন্য নির্বাচন কমিশন (ইসি) সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা নিয়েছে বলে দাবি করেছে। নির্বাচন কমিশনার মো. শাহনেওয়াজ বলেছেন, অতীতের যেকোনো সিটি নির্বাচনের তুলনায় তিন-চার গুণ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মাঠে থাকবে। র‌্যাবের মহাপরিচালক বেনজির আহমদ জানিয়েছেন, তিন সিটির ঝুঁকিপূর্ণ কেন্দ্রগুলোর নিরপত্তার দায়িত্বে থাকবে র‌্যাব। সুষ্ঠুভাবে ভোটগ্রহণের জন্য তিন স্তরের নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। এ দায়িত্বে থাকবে ৮২ হাজার নিরাপত্তা সদস্য। সূত্র-ইত্তেফাক, সংবাদ, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। পাইরেসি রোধে দেশব্যাপী অভিযান : বিশ্ব মেধাসম্পদ দিবসে শিল্পমন্ত্রী

সঙ্গীত, শিল্প ও সাহিত্যের মতো সৃজনশীল মেধাসম্পদের পাইরেসি রোধে দেশব্যাপী অভিযান জোরদার করার কথা জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, এ ধরনের অপকর্ম বন্ধ না হওয়া পর্যন্ত অভিযান অব্যাহত থাকবে। গতকাল ২৬ এপ্রিল রোববার রাজধানীর সিরডাপ মিলনায়তনে বিশ্ব মেধাসম্পদ দিবস উপলক্ষে আয়োজিত সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন শিল্পমন্ত্রী। এবার এ দিবসের প্রতিপাদ্য হচ্ছে- 'সঙ্গীতের চেতনায় জেগে উঠুন'। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.১), প্রথম আলো (পৃ.১৩,ক.৫), যায়াযায়দিন (পৃ.৩,ক.৬), নিউ নেশন বিজনেস (পৃ.১,ক.২), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.২)।

৬। সেবা পরিদফতর অধিদফতরে রূপান্তর করা হবে : স্বাস্থ্যমন্ত্রী

মানব সেবার পেশা নার্সিং পেশা। চিকিৎসা সেবার উন্নয়নে নার্সিং পেশার বিকল্প নেই। তবে দেশে চিকিৎসা বিজ্ঞানের সবক্ষেত্রে উন্নয়ন ঘটলেও নার্সিং পেশা আজও অবহেলিত। গতকাল ২৬ এপ্রিল রোববার স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম সেবা পরিদফতর পরিদর্শনে যান। স্বাস্থ্যমন্ত্রী সেবা পরিদফতরের অব্যবস্থাপনা দেখে বিস্মিত হন। বর্তমান সরকারের মেয়াদেই সেবা পরিদফতরকে অধিদফতরে রূপান্তরিত করা হবে বলে জানান স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (পৃ.১৯,ক.৮), সমকাল (পৃ.১৭,ক.৩)।

৭। সিটি নির্বাচন উপলক্ষে সাধারণ ছুটি, যান চলাচলে নিষেধাজ্ঞা

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ঢাকা মহানগর এলাকায় যান চলাচলের ওপর

নিষেধাজ্ঞা আরোপ করেছে সরকার। তথ্য অধিদফতরের সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল ২৬ এপ্রিল রোববার এ কথা জানানো হয়। অপর এক বিজ্ঞপ্তিতে ২৮ এপ্রিল সব নির্বাচনী এলাকায় সাধারণ ছুটির ঘোষণা দেওয়া হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২৭ এপ্রিল রাত ১২টা থেকে ২৮ এপ্রিল মধ্যরাত পর্যন্ত বেবিট্যাক্সি, অটোরিকশা, ইজিবাইক, ট্যাক্সিক্যাব, মাইক্রোবাস, জিপ, পিকআপ, কার, বাস, ট্রাক, টেম্পো এবং ২৫ এপ্রিল রাত ১২ টা থেকে ২৯ এপ্রিল বেলা তিনটা পর্যন্ত মোটরসাইকেল চলাচলের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.৮), সংবাদ (পৃ.১,ক.১), যুগান্তর (শেষ পৃ.,ক.৫), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৫), নিউ নেশন (শেষ পৃ.,ক.১)।

৮। সারাদেশে আবারও ভূমিকম্প অনুভূত : দুইজনের মৃত্যু

গতকাল ২৬ এপ্রিল রোববারও রাজধানী ঢাকাসহ সারাদেশে ভূমিকম্প অনুভূত হয়েছে। বাংলাদেশের স্থানীয় সময় বেলা ১টা ৯ মিনিট ৯ সেকেন্ডে এই ভূমিকম্পের ঘটনা ঘটে। এর উৎপত্তিস্থল ছিল নেপালের কোদারি থেকে ১৭ কিলোমিটার দূরে। যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএস জানিয়েছে, উৎসস্থলে ভূমিকম্পের মাত্রা ছিল রিখটার স্কেলে ৬ দশমিক ৭। গতকাল ২৬ এপ্রিল রোববারের ভূমিকম্পে দুইজনের মৃত্যু হয়েছে। এদের মধ্যে একজন শেরপুরের এবং অন্যজন গাইবান্ধার। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.৭), যুগান্তর (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.৫)।

৯। নেপালে ত্রাণসামগ্রী ও মেডিকেল টিম প্রেরণ

ভূমিকম্পকবলিত নেপালে মেডিকেল টিম ও প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী পাঠিয়েছে বাংলাদেশ। প্রধানমন্ত্রীর প্রেস সচিব এ কে এম শামীম চৌধুরী জানিয়েছেন; প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে ৬টি মেডিকেল টিম ও ত্রাণ সামগ্রী নিয়ে বাংলাদেশ বিমানবাহিনীর সি-১৩০ একটি কার্গো বিমান গতকাল ২৬ এপ্রিল রোববার নেপালের রাজধানী কাঠমান্ডুতে পৌঁছেছে। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.৭), ডেইলি অবজারভার (পৃ.১,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.৭)।

১০। নির্বাচন শান্তিপূর্ণ করতে জাতিসংঘের আহ্বান

আসন্ন ঢাকা উত্তর, দক্ষিণ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে শান্তিপূর্ণ পরিবেশ দেখতে চায় জাতিসংঘ। অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানের জন্য বাংলাদেশের সবগুলো রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানিয়েছে বৈশ্বিক সংস্থাটি। সেই সাথে ভোটারদেরকে ভোটদানে উৎসাহ দিয়েছে। ঢাকায় অবস্থিত জাতিসংঘের আবাসিক কার্যালয় থেকে গতকাল ২৬ এপ্রিল রোববার গণমাধ্যমে বার্তা পাঠিয়ে এই তথ্য জানানো হয়। সূত্র-ইনকিলাব (পৃ.১,ক.৮), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), যুগান্তর (পৃ.২,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.১)।

১১। বিআইডব্লিউটিসি'র স্টিমারের টিকেট ১ মে থেকে পাওয়া যাবে অনলাইনে

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্পোরেশনের (বিআইডব্লিউটিসি) যাত্রীবাহী স্টিমার এবং জাহাজের টিকেট আগামী পহেলা মে থেকে অনলাইনে পাওয়া যাবে। নৌপরিবহণ মন্ত্রণালয়ে গতকাল ২৬ এপ্রিল রোববার সহজ লিমিটেড নামে একটি প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করেছে বিআইডব্লিউটিসি। চুক্তির পর জানানো হয় অনলাইনে টিকেট পেতে www.shohoz.com-এ যোগাযোগ করতে হবে। এছাড়া কল সেন্টারে ১৬৩৭৪ নম্বরে ফোন করেও টিকেট পাওয়া যাবে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ., ক.১)।

১২। পোশাক শ্রমিকদের উন্নয়নে তিন বছর মেয়াদী কর্মসূচি যুক্তরাষ্ট্রের

বাংলাদেশের পোশাক শ্রমিকদের জন্য তিন বছর মেয়াদী উন্নয়ন কর্মসূচি ঘোষণা করেছে মার্কিন যুক্তরাষ্ট্র। দেশটির আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ইউএসএআইডির পক্ষ থেকে পোশাক খাতে শ্রম অধিকার, ইউনিয়ন সংগঠন ও নারীর ক্ষমতায়নে সহযোগিতার জন্য তিন বছরব্যাপী শ্রমিক ক্ষমতায়ন কর্মসূচি ঘোষণা করা হয়। গতকাল ২৬ এপ্রিল রোববার ঢাকার মার্কিন দূতাবাস থেকে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), প্রথম আলো (পৃ.১৩,ক.৭), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৪)।

সম্পাদকীয়

ক. ইত্তেফাক, প্রথম আলো, সমকাল, সংবাদ, যুগান্তর, ইনকিলাব, ডেইলি স্টার, ফিনানসিয়াল এক্সপ্রেস, ডেইলি সান, ডেইলি অবজারভার, নিউজ টুডে, নিউ নেশন : তীব্র ভূমিকম্পে প্রতিবেশী দেশ নেপালে দুই হাজারেরও বেশি লোক নিহত হওয়ার ঘটনায় শোক প্রকাশ করে আমাদের দেশেও এর সাথে সাথে ভূকম্প অনুভূত হওয়ায় এব্যাপারে সতর্ক থাকার পরামর্শ;

খ. প্রথম আলো, জনকণ্ঠ, ডেইলি স্টার : ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনের পূর্বমুহূর্তে কয়েকটি সহিংস ঘটনা হওয়ায় উদ্বেগ প্রকাশ করে নির্বাচনে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে প্রার্থী ও সমর্থকদের গ্রেফতার, হয়রানি ও ভয়ভীতি প্রদর্শন বন্ধ করতে নির্বাচন কমিশনের পক্ষ থেকে প্রশাসনের প্রতি সুনির্দিষ্ট নির্দেশনা দেওয়ার সুপারিশ;

গ. সংবাদ : পণ্যে পাটজাত মোড়ক ব্যবহারে বাধ্যতামূলক আইন মানতে ব্যবসায়ীদের বাধ্য করতে পাটের বস্তার গুণগত মান ঠিক রাখা ও দামের ন্যায্যমূল্য নিশ্চিত করার আহ্বান;

ঘ. ইনকিলাব : ভারতের টিপাইমুখ বাঁধ নির্মাণ বালাদেশের পরিবেশের জন্য মহাবিপর্যয় ডেকে আনবে এই আশঙ্কায় এ বাঁধ নির্মাণের বিরুদ্ধে আন্তর্জাতিক জনমত গড়ে তুলতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার সুপারিশ;

ঙ. যায়যায়দিন : নারীর প্রতি সহিংসতা বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এব্যাপারে সকলকে সচেতন হওয়ার পাশাপাশি কঠোর আইন প্রয়োগের দাবি;

চ. ডেইলি সান : সামর্থ্য বিবেচনায় না রেখে অনেক চিকিৎসকের গরিব রোগীদের ব্যয়বহুল চিকিৎসার ব্যবস্থাপত্র দেওয়াকে স্বাস্থ্য খাতের অব্যবস্থাপনা উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ছ. নিউ এজ : সীমান্তে বিএসএফ কর্তৃক একের পর এক বাংলাদেশি হত্যা বন্ধে বাংলাদেশ সরকার ভারত সরকারকে সমঝোতার ভিত্তিতে তা বন্ধ করার জন্য যাতে আহ্বান জানায় তার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে নির্বাচন সুষ্ঠু ও গ্রহণযোগ্য করতে ভোটার তালিকা থেকে শুরু করে ব্যবস্থাপনা, আইন ও বিধির যে ব্যাপক সংস্কার করা হয়েছে নির্বাচন কমিশনের তা শক্তভাবে প্রয়োগ করা উচিত বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত ‘ভূমিকম্পের সময় যা করা উচিত’ শিরোনামের নিবন্ধে মীর আব্দুল আলীম ভূমিকম্পের মতো প্রাকৃতিক দুর্যোগে আতঙ্কিত না হয়ে এ সময় করণীয় সম্পর্কে সঠিক ধারণা রাখা ও সে অনুযায়ী সচেতনতামূলক প্রস্তুতি গ্রহণ করা অধিক জরুরি বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা